

স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রুকু ও তার পদ্ধতি

'রফরে য়্যাদাইন' করে নবী মুবাশ্শির (ﷺ) তকবীর বলে রুক্তে যেতেন। রুক্ করা ফরয। মহান আল্লাহ বলেন, يا أَيُّهَا الَّذَيْنَ آمَنُوا ارْكَعُوْا وَاسْجُدُوْا

অর্থাৎ, হে ঈমানদাগণ! তোমরা রুকু ও সিজদা কর---। (কুরআন মাজীদ ২২/৭৭)

মহানবী (ﷺ) ও নামায ভুলকারী সাহাবীকে তকবীর দিয়ে রুকূ করতে আদেশ করে বলেছেন, "তোমাদের মধ্যে কারো নামায ততক্ষণ পর্যন্ত সম্পূর্ণ হবে না, যতক্ষণ পর্যন্ত না সে উত্তমরুপে ওযু করে---- অতঃপর তকবীর দিয়ে রুকূ করে এবং উভয় হাঁটুর উপর হাত রেখে তার হাড়ের জোড়গুলো স্থির ও শ্রান্ত হয়ে যায়।" (আবূদাউদ, সুনান ৮৫৭, নাসাঈ, সুনান,হাকেম, মুস্তাদরাক)

রুকৃতে ঝুঁকে তিনি হাতের চেটো দু'টোকে দুই হাঁটুর উপর রাখতেন। (বুখারী, আবৃদাউদ, সুনান, তিরমিযী, সুনান, মিশকাত ৮০১ নং) আর এইভাবে রাখতে আদেশও দিতেন। হাত দ্বারা হাঁটুকে শক্ত করে ধরতেন। (বুখারী, আবৃদাউদ, সুনান, মিশকাত ৭৯২ নং) হাতের আঙ্গুলগুলোকে খুলে (ফাঁক ফাঁক করে) রাখতেন। (হাকেম, মুস্তাদরাক, সআবৃদাউদ, সুনান ৮০৯ নং) আর এইরুপ করতে তিনি নামায ভুলকারী সাহাবীকে আদেশ করেছেন। তিনি বলেছেন, "যখন রুকৃ করবে তখন তুমি তোমারহাতের চেটো দু'টোকে তোমার দুই হাঁটুর উপর রাখবে। অতঃপর আঙ্গুলগুলোর মাঝে ফাঁক রাখবে। অতঃপর স্থির থাকবে যতক্ষণ পর্যন্ত প্রত্যেক অঙ্গ স্ব-স্ব স্থানে বসে না যায়।" (ইবনে খুযাইমাহ, সহীহ ৫৯৭ নং, ইবনে হিব্বান, সহীহ)

এই রুকুর সময় তিনি তাঁর হাতের দুই কনুইকে পাঁজর থেকে দূরে রাখতেন। (তিরমিযী, সুনান, ইবনে খুযাইমাহ্, সহীহ, মিশকাত ৮০১নং) এই সময় তিনি তাঁর পিঠকে বিছিয়ে লম্বা ও সোজা রাখতেন। কোমর থেকে পিঠকে মচকে যাওয়া ডালের মত ঝুঁকিয়ে দিতেন। (বুখারী ৮২৮, বায়হাকী, মিশকাত ৭৯২নং) তাঁর পিঠ এমন সোজা ও সমতল থাকত যে, যদি তার উপর পানি ঢালা হত তাহলে তা কোন দিকে গড়িয়ে পড়ে যেত না। (ত্বাবা,কাবীরসাগীর,আহমাদ, মুসনাদ১/১২৪,ইবনে মাজাহ্, সুনান ৮৭২)

তিনি নামায ভুলকারী সাহাবীকে আদেশ করে বলেছিলেন, "যখন তুমি রুক্ করবে, তখন তোমার দুইহাতের চেটোকে দুই হাঁটুর উপর রাখবে, তোমার পিঠকে সটান বিছিয়ে দেবে এবং দৃঢ়ভাবে রুক্ করবে।" (আহমাদ, মুসনাদ, আবৃদাউদ, সুনান)

রুকৃতে তিনি তাঁর মাথাকেও সোজা রাখতেন। পিঠ থেকে মাথা না নিচু হত, না উঁচু। (আবূদাউদ, সুনান, বুখারী জুযউল কিরাআহ্, মুসলিম, আহমাদ, মুসনাদ, মিশকাত ৮০১ নং) আর নামাযে তাঁর দৃষ্টি নিবদ্ধ হত সিজদার স্থানে। (বায়হাকী,হাকেম, মুস্তাদরাক, ইরওয়াউল গালীল, আলবানী ৩৫৪নং)



• Source — https://www.hadithbd.com/books/link/?id=2887

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন